সমকাল

তারিখ 16 JUL 2015
পৃষ্ঠা ২ কলাম ২

# সাইনবোর্ড টানিয়ে সমবায়ের নামে স্কুলের শেয়ার বিক্রি

■ টাঙ্গাইল প্রতিনিধি

টাঙ্গাইলের ঘাটাইলের কর্ণা গ্রামে সমবায় সমিতির নাম ব্যবহার করে স্কুলের শেয়ার বিক্রির নামে 'সমবায় ক্যাডেট একাডেমি' সাইনবোর্ড টানিয়ে জনগণের সঙ্গে প্রতারণা করছে একটি প্রতারক চক্র। গ্রামের সহজ সরল মানুষ লাভের আশায় সহজেই প্রতারণার ফাঁদে পা দিচ্ছেন।

স্থানীয় কর্তৃপক্ষের অনুমোদনের তোয়াক্কা না করে এক অভিনব কায়দায় ফাঁদ পেতে প্রতারণা করছে একটি চক্র। ভবন নেই, শিক্ষক নেই, তারপরও বিদ্যালয়ের সাইনবোর্ড টানিয়ে মাইকিং করে বিদ্যালয়ের শেয়ার বিক্রি করছে। মোটা অঙ্কের শেয়ার কিনে প্রতারণার শিকার হচ্ছেন এলাকার সহজ-সরল লোকজন। এ ব্যাপারে উপজেলা সমবায় কর্মকর্তা মোসাম্মৎ শামছুন্নাহার বলেন, সমবায় ক্যাডেট একাডেমি খুলতে গেলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন প্রয়োজন। তিনি বলেন, প্রস্তাবিত সমবায় ক্যাডেট একাডেমি সমবায় অফিসে কোনো আবেদন করেনি। সুতরাং সাইনবোর্ড টানিয়ে সমবায়ের নামে স্কুলের শেয়ার বিক্রি করা সম্পূর্ণ বেআইনি। বিষয়টি অবগত হয়ে সাইনবোর্ড নামানোর দ্রুত নির্দেশ দিয়েছি।

**'প্রস্তাবিত সমবায় ক্যাডেট একাডেমি সমবায় অফিসে কোনো আবেদন করেনি'**

কর্ণা গ্রামে একটি বালুমহালের মাঝখানে 'সমবায় ক্যাডেট একাডেমি' নামে একটি সাইনবোর্ড ঝুলতে দেখা গেছে। সাইনবোর্ডে লেখা রয়েছে, বিদ্যালয়টি সমবায় অধিদপ্তর কর্তৃক অনুমোদিত। সাইনবোর্ডের নিচে প্রতিটি শেয়ারের মূল্য পাঁচ হাজার টাকা বলে উল্লেখ করা হয়েছে। এলাকাবাসীর সঙ্গে কথা বলে জানা যায়, যে স্থানে সাইনবোর্ডটি টানানো হয়েছে সেটি অন্যের জমি। বিদ্যালয়ের উদ্যোক্তা জিহাদুল ইসলাম এবং কল্যাণমুখী সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিমিটেডের নামে কোনো জমি নেই।

বিদ্যালয়ের উদ্যোক্তা জিহাদুল ইসলাম বলেন, 'কর্তৃপক্ষের সঙ্গে মৌখিক কথা হয়েছে, অনুমোদনের জন্য আবেদন করা হয়নি। দেখি কী পরিমাণ শেয়ার বিক্রি হয়।'